

তাৰিখ ২৬/৮/৬৭

পঠা...

কলাম...

যে সকল ধারায়

পুরুষ অপেক্ষা

মহিলা অধিক

(ইন্ডিফোক রিপোর্ট)

‘৮১ সালের আদমশুমারির প্রাথমিক পরিসংখ্যানে দেখা যায়, তৃলনামুলকভাবে গ্রামাঞ্চলের চাইতে শহরাঞ্চলে মহিলার সংখ্যা কম। দেশের ৭৯টি পৌর শহরের মধ্যে কেবল একটি মাত্র বাতিক্ষম ছাঁড়া প্রত্যোকটি শহরে মহিলার চাইতে পুরুষের সংখ্যা বেশী। বাতিক্ষমধর্মী শহরটি হইতেছে রাজশাহী জেলার চুপাই নবাবগঞ্জ। সেখানে পুরুষের সংখ্যা ৩১ হাজার ৩ শত ৮১ জন এবং মহিলা ৩৩ হাজার ১ শত ৫ জন।

সর্বাধিক পুরুষ বাস করে বহুস্তর ঢাকা মহানগর এলাকায়। এখানে পুরুষের সংখ্যা ২০ লক্ষ ১২ হাজার ৫৯ জন এবং মহিলার সংখ্যা ১৪ লক্ষ ৪৬ হাজার ৫ শত ৪৩ জন।

চাঁদপুর মহকুমার চাঁদপুর থানা, বাতীত বাকী ৬টি থানাতেই পুরুষের চাইতে মহিলার সংখ্যা বেশী। থানাগুলি হইতেছে ফরিদগঞ্জ, হাইমচৰ, হাজীগঞ্জ, কচুয়া, মতলব ও শাহরাপ্তি। চাঁদপুর মহকুমায় মোট মহিলার সংখ্যা ৯ লক্ষ ১ শত ৮৭ জন এবং পুরুষ ৮ লক্ষ ৯৬ হাজার ৩৭ জন।

সামগ্রিক হিসাবে দেশে মহিলার চাইতে পুরুষের সংখ্যা বেশী হইলেও বেশ কিছুসংখ্যাক থানা আছে, যেখানে মহিলারাই সংখ্যাধিক্য। অধিক মহিলাসম্পন্ন থানাগুলি হইতেছে চট্টগ্রামের সন্দীপ, কুমিল্লা জেলার ফরিদগঞ্জ, হাজীগঞ্জ, মতলব, হাইমচৰ, কচুয়া, শাহরাপ্তি, চৌক্ষণ্য, নোয়াখালী জেলার ছাগলনাইয়া, দাগনভূইয়া, মোনাগাঞ্জী, বামগঞ্জ, চাটখিল, বেগমগঞ্জ, কোল্পানীগঞ্জ, সেনবাগ, সিলেট জেলার লাখাই, ঢাকা জেলার দৌলতপুর, হরিরামপুর, সাটুরিয়া শীনগর, সিরাজগঞ্জ থানা, ফরিদপুরের নড়িয়া, জামালপুর জেলার দেওয়ানগঞ্জ, ময়মনসিংহ জেলার করিমগঞ্জ, বরিশাল জেলার কাঠালিয়া, স্বরূপকাঠি, নৃলিঙ্গটি, রাজাপুর, পটুয়াখালির মীরজাগঞ্জ। যশোর জেলার অভয়নগর। খুলনা জেলার ব্রহ্মপুর, আশাশুনি, শামনগর, কুষ্টিয়া জেলার গাংনী এবং রাজশাহী জেলার মহাদেবপুর, ভোলাহাট, নথাবগঞ্জ ও তানোর।